

-:বিজ্ঞপ্তি:-

বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম ইপিজেড

এসএসসি বিশেষ পরীক্ষা-২০২১

তারিখ: ০২/০৬/২০২১

আসসালামু আলাইকুম,
সম্মানিত অভিভাবক ও প্রিয় ছাত্রছাত্রীবৃন্দ, আপনারা ইতোমধ্যে অবগত হয়েছেন যে, আমরা আগামী ১৫/০৬/২০২১ তারিখ হতে এসএসসি পরীক্ষা-২০২১ এর সংক্ষিপ্ত সিলেবাসের আলোকে ২ঘন্টা ব্যাপি ৫০ নম্বরের এসএসসি বিশেষ পরীক্ষা-২০২১ গ্রহণ করতে যাচ্ছি।

অভিভাবকদের প্রতি পরীক্ষা গ্রহণ সংক্রান্ত কিছু সাধারণ নির্দেশনা নিম্নে দেয়া হলো:

১। রুটিন অনুসারে পরীক্ষা শুরু হবে নির্দিষ্ট তারিখে সকাল ১০:০০টায়। যেদিন যে বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে শুধুমাত্র ওই দিন সকাল ০৯:০০ টায় ঐ বিষয়ের প্রশ্নপত্র www.bepzacollegectg.edu.bd – ওয়েব সাইটে আপলোড করা হবে। অভিভাবকগণ উক্ত ওয়েবসাইটের Exam অপশনে গিয়ে নির্দিষ্ট তারিখ ও বিষয় অনুসারে প্রশ্নপত্র Download করবেন।

২। পরীক্ষার আগের রাতে পরীক্ষার জন্য খাতা/উত্তরপত্র নিজ দায়িত্বে বাসায় তৈরি করতে হবে। কভার পেইজ অর্থাৎ খাতার প্রথম পৃষ্ঠায় স্কুলের নাম, পরীক্ষার নাম (এসএসসি বিশেষ পরীক্ষা-২০২১), ছাত্র-ছাত্রীর নাম, শ্রেণি, রোলনং, শাখা, বিভাগ (বিজ্ঞান/মানবিক/ব্যবসায়শিক্ষা), বিষয়ের নাম, তারিখ স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৩। অভিভাবক সকাল ১০:০০ টায় প্রশ্নপত্র পরীক্ষার্থীর হাতে দিবেন এবং নিজে ২ঘন্টা পর্যন্ত ইনভেজিলেটরের দায়িত্ব পালন করবেন। পরীক্ষা শেষ হবে ১২:০০ টায়।

৪। পরীক্ষা শেষ হবার পরপর পরীক্ষার উত্তরপত্র/খাতাটি নিয়ে একটি বড় খামে রেখে দিবেন এবং উত্তরপত্র/খাতাটি নিজে সংরক্ষণ করবেন। এভাবে রুটিন অনুসারে সবগুলো পরীক্ষা শেষ করবেন এবং উত্তরপত্র/খাতাগুলো বড় খামে সংরক্ষণ করবেন।

৫। সবগুলো পরীক্ষা শেষে পরীক্ষার সব উত্তরপত্র/খাতা একটি নির্দিষ্ট তারিখে স্বাস্থ্যবিধি মেনে প্রতিষ্ঠানে এসে জমা দিতে হবে। উত্তরপত্র/খাতা জমাদানের তারিখ ও সময় SMS এর মাধ্যমে পরে জানিয়ে দেয়া হবে।


৬। পরীক্ষা সংক্রান্ত যেকোন তথ্য জানার জন্য নিম্নোক্ত শিক্ষকগণের সাথে যোগাযোগ করার জন্য বলা হলো:

(ক) জনাব কানিজ ফাতেমা চৌধুরী
সহকারী শিক্ষক (বাংলা)
মোবাইল: 01717-619244

(খ) জনাব মোহাম্মদ ফারুক
সহকারী শিক্ষক (গণিত)
মোবাইল: 01813-208777

(গ) জনাব বদরুল হাসান মিটু
সহকারী শিক্ষক (ফিন্যান্স ও ব্যাংকিং)
মোবাইল: 01811-982495

এ মুহূর্তে আমাদের মনে রাখতে হবে পরীক্ষায় বেশি নম্বর পাওয়া আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য নয়। আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য শিক্ষার্থীদের পড়াশুনায় মনোযোগী করা এবং প্রতিটি বিষয়ের উপর শিক্ষার্থীদের দুর্বল দিকটি চিহ্নিত করা। এ ব্যাপারে আপনার সহযোগিতা একান্তভাবে কামনা করছি। আপনি ও আপনার পরিবারের সদস্যদের সুস্থ ও নিরাপদ জীবন কামনা করছি। আল্লাহ্ আমাদের সহায় হোন।


03/06/2021
অধ্যক্ষ

বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম ইপিজেড